তারিখ 06 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# তোপের মুখে বেরোবিতে জঙ্গিবিরোধী মানববন্ধন

প্রতিনিধি, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

সরকাররি নির্দেশ উপেক্ষা করে গত শনিবার জঙ্গিবাদবিরোধী সভা-সমাবেশ না করায় সমালোচনার মুখে পড়ে তড়িঘড়ি করে আজ মঙ্গলবার সন্ত্রাস ও জঙ্গিবাদবিরোধী মানববন্ধন কর্মসূচির আয়োজন করেছে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এর আগে গত ১০ আগস্ট দেয়া সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে, ৩ সেপ্টেম্বর সারাদেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে জঙ্গিবাদবিরোধী সভা-সমাবেশ অনুষ্ঠিত হলেও রোকেয়া বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়নি। এ নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করাসহ ব্যাপক সমালোচনার মুখে পড়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমেও শিক্ষক-শিক্ষার্থীরা প্রতিবাদী মনোভাব ব্যক্ত করায় ব্যাপক তোলপাড় শুরু হয়। বিষয়টি নিয়ে ব্যাপক তোলপাড় শুরু হলে উপাচার্যের নির্দেশে রোববার বিকালে তড়িঘড়ি করে মঙ্গলবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মানববন্ধন অনুষ্ঠিত হবে এই মর্মে লিখিত নির্দেশনা দেয় রেজিস্ট্রার মোর্শেদ উল আলম রনি (অ:দা:)। লিখিত ওই নির্দেশনায় বিশ্ববিদ্যালয়ের সব বিভাগ, হল, দপ্তরকে স্ব স্ব ব্যানার নিয়ে অনুষ্ঠিতব্য মানববন্ধনে সব শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিত থাকার নির্দেশ দেয়া হয়েছে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ আলী বলেন, মঙ্গলবার দুপুর সাড়ে ১২টায় জঙ্গিবাদবিরোধী মামববন্ধনটি অনুষ্ঠিত হবে।